

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin
Date 26-03-2025 **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) পশ্চিমবঙ্গে শিল্প বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আজ লন্ডনে সচিবস্তরে বৈঠক চলছে।
- ২) দুর্নীতি করে চাকরি পাওয়ার অভিযোগে এক শিক্ষকের চাকরি বাতিল করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।
- ৩) ভুয়ো জাতিগত শংসাপত্র প্রদান সংক্রান্ত অভিযোগে রাজ্য সরকার দুই আধিকারিকের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করেছে।
- ৪) উত্তর ২৪ পরগনার বাগুইআটির চীনার পার্কে এক ভুয়ো আয়কর হানার ঘটনায় পুলিশ ৮ জনকে গ্রেফতার করেছে।
- ৫) হাওড়ার বেলগাছিয়া ভাগাড়ে ধসের জেরে উলুবেড়িয়া পুরসভার গরুহাটা ব্রীজের কাছে পাইপ লাইনে নতুন করে ফাটল দেখা দেওয়ায় বেশ কিছু ওয়ার্ডে জল পরিষেবা বিঘ্নিত।
- ৬) নবম রাজ্য ক্রীড়া প্রতিযোগিতা আগামীকাল কলকাতায় শুরু হবে।

oooooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে শিল্পে বিনিয়োগের প্রতি আগ্রহ বৃদ্ধি করতে রাজ্য সরকার আজ লন্ডনে সচিব স্তরের বৈঠকে বসেছে। মুখ্যসচিব মনোজ পন্থ এর নেতৃত্বে এই বৈঠকে শিল্প সচিব বন্দনা যাদব

ছাড়াও অন্যান্য আধিকারিক ও বিভিন্ন বনিক সংগঠনের প্রতিনিধি ও শিল্পপতিরা উপস্থিত রয়েছেন। বিভিন্ন শিল্পে বিনিয়োগের সম্ভাবনা নিয়ে বৈঠকে কথা হচ্ছে বলে সূত্রের খবর। এদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আগামীকাল অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা কেলগ কলেজে এক আলোচনাসভায় অংশ নেওয়ার কথা।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লন্ডন সফরকে কটাক্ষ করেছেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। আজ বহরমপুরে এক সাংবাদিক সম্মেলনে রাজ্যে মহিলাদের ওপর নির্যাতনের কথা উল্লেখ করে অধীরবাবু বলেন, মুখ্যমন্ত্রী লন্ডনে গিয়ে রাজ্যের নারীদের জন্য কাজের খতিয়ান তুলে ধরছেন, অথচ নারীরাই এরাজ্যে নির্যাতিত।

দেউচা পাঁচামির কয়লা খনি নিয়েও রাজ্যের বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ করেন তিনি।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

দুর্নীতি করে চাকরি পাওয়ার অভিযোগে এক শিক্ষকের চাকরি বাতিল করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। শেখ সিরাজুল নামে তৃণমূল কংগ্রেসের ওই শিক্ষক নেতা নিয়োগ দুর্নীতিতে যুক্ত বলে এক আইনজীবী হাইকোর্টের দ্বারস্থ হন। বিচারপতি রাজশেখর মাস্তার ডিভিশন বেঞ্চ মামলাটি শোনার পর পর্যবেক্ষণে জানায়, ওই ব্যক্তি দুর্নীতি করে শিক্ষকতার চাকরি পেয়েছেন। অবিলম্বে তাঁকে বরখাস্ত করারও নির্দেশ দিয়েছেন তিনি।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

রাজ্য সরকার ভূয়ো জাতিগত শংসাপত্র নিয়ে কঠোর অবস্থান নিচ্ছে। এই সংক্রান্ত অভিযোগে দুই অফিসারের বিরুদ্ধেও বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। অনগ্রসর শ্রেণী কল্যাণ ও উপজাতি উন্নয়ন দফতর ইতমধ্যেই ইনস্পেক্টর র‍্যাঙ্কের দুই অফিসারকে শোকজ করেছে। জাল কাস্ট সার্টিফিকেট তৈরি করার পিছনে যোগ থাকার প্রমাণ মেলায় খড়াপুর ও ব্যারাকপুরের ওই দুই

আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ করা হয়েছে বলেও জানা গেছে। অভিযুক্ত দুই আধিকারিক এর বক্তব্য জানার পর সেই বক্তব্যের সত্যতা খতিয়ে দেখা হবে। সন্তোষজনক ব্যাখ্যা না মিললে তাদের বিরুদ্ধে শাস্তি মূলক পদক্ষেপ করা হবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার সম্পূর্ণ অবৈধভাবে ওবিসি তালিকা নিয়ে সমীক্ষা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ২০১১ সালের আগে বামফ্রন্ট সরকার তোষণের রাজনীতি করার জন্য ধাপে ধাপে বিভিন্ন সংখ্যালঘু জনগোষ্ঠীকে ওবিসি-র তালিকার অন্তর্ভুক্ত করেছে। তৃণমূল কংগ্রেস সরকার ১১৩টি জনগোষ্ঠীকে ওবিসি তালিকাভুক্ত করেছে। এর মধ্যে মাত্র চারটি হিন্দু জনগোষ্ঠী বাকি ১০৯-টি মুসলমান সম্প্রদায়ের।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি বিধায়কের উপর হামলার অভিযোগে পুলিশী পদক্ষেপ নিয়ে কলকাতা হাইকোর্ট ফের অসন্তোষ প্রকাশ করেছে। আগামীকালের মধ্যে পুলিশকে ঘটনার রিপোর্ট নতুন করে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন, বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। আগামীকাল বিকেল সাড়ে চারটেয় মামলার পরবর্তী শুনানি। ওই দিন পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়েও কড়া মন্তব্য করেছেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অস্থায়ী উপাচার্য শুভ্রকমল মুখ্যপাধ্যায়ের অপসারণ এবং স্থায়ী উপাচার্য নিয়োগের দাবিতে তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ আজও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ চালিয়ে যাচ্ছে। অস্থায়ী উপাচার্য নিয়ম বহির্ভূতভাবে কার্যনির্বাহী সমিতির বৈঠক ডাকছেন বলেও

তাদের অভিযোগ। পাশাপাশি ৬ মাসের বেশি সময় ধরে তিনি পদ আঁকড়ে রয়েছেন বলে টিএমসিপি অভিযোগ করেছে। অবিলম্বে তাঁর অপসারণের দাবি করেছে ছাত্র সংগঠনটি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হিংসাত্মক কার্যকলাপের অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুর থানা এলাকায় এক তৃণমূল কংগ্রেস কর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। অনুপ পৈলান নামে ওই ব্যক্তির কাছ থেকে তিনটি আগ্নেয়াস্ত্র এবং ৬ রাউন্ড কার্তুজ উদ্ধার হয়েছে। এলাকাবাসীর অভিযোগ খেয়াদহের রণভূতিয়া গ্রামের বাসিন্দা অনুপ, সাটা ও জুয়ার ঠেক চালাতো। অবৈধ অস্ত্রের কারবারেরও অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। গতকাল গভীর রাতে পুলিশের একটি দল তাকে বাড়ি থেকে গ্রেফতার করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইটের আলোচনার বিষয়ঃ প্রধানমন্ত্রীর মরিশাস সফর ও ভারতের বিদেশ নীতি। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে ৮টায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। দ্বিতীয় পর্বটি শোনা যাবে আগামী রবিবার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বাগুই আটির চীনার পার্কে একটি বাড়িতে ভুয়ো আয়কর হানার ঘটনায় পুলিশ ৮ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে পাঁচজন সিআইএসএফ-এর আধিকারিক। এক ড্রাইভার এবং এক মধ্যস্থতাকারিকেও গ্রেফতার করা হয়েছে। অভিযোগকারী বিনিতা সিং-এর সৎ মা আরতি সিং-কেও গ্রেফতার করেছে পুলিশ। বিধাননগর এয়ারপোর্ট ডিভিশনের ডেপুটি কমিশনার অফ পুলিশ ঐশ্বর্য সাগর আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, বিনিতা সিং ১৮-ই মার্চ অভিযোগ করেন, ১৭ তারিখ মধ্য রাতে কিছু লোক নিজেদেরকে আয়কর বিভাগের আধিকারিক পরিচয় দিয়ে তার

বাড়িতে হানা দেয় এবং নগদ ও গহনা নিয়ে যায়। যাওয়ার সময় সিসিটিভির তারও কেটে দিয়ে যায়।

পরে সন্দেহ হওয়ায় বিনিতা সিং আয়কর বিভাগের সঙ্গে যোগাযোগ করলে জানতে পারে যে এরকম কোন অভিযান তাদের দফতর থেকে করা হয়নি। এরপর তিনি বাগুইআটি থানায় অভিযোগ করেন। তদন্ত করে পুলিশ এই আটজনকে গ্রেফতার করে। জানা গেছে, বিনিতা সিং-এর সঙ্গে তাঁর সৎ মা আরতি সিং-এর সম্পত্তি বিবাদ চলছিল এবং সেই কারণেই এই ভুয়ো অভিযানে চিত্রনাট্য তৈরি করা হয়। মধ্যস্থতাকারী ও সৎ মা পুলিশ হেফাজতে রয়েছে এবং বাকি ৬ জনকে জেল হেফাজতে রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার বেলগাছিয়া ভাগাড়ে ধসের জেরে উলুবেড়িয়া পুরসভার গরুহাটা ব্রীজের কাছে পানীয় জলের পাইপে নতুন করে ফাটল দেখা দিয়েছে। এর ফলে বেশ কিছু ওয়ার্ডে জল পরিষেবা বিঘ্নিত। পুরসভার জলের ট্যাক দিয়ে এলাকায় পরিস্থিতি মোকাবিলার চেষ্টা করা হচ্ছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, গতরাতে এই পাইপলাইনটি ফেটে যায়। শুরু হয়েছে মেরামতির কাজ। উলুবেড়িয়া পুরসভার চেয়ারম্যান অভয় দাস জানিয়েছেন-

(বাইট- অভয় দাস)

উল্লেখ্য, গত সপ্তাহে ভাগাড়ে ধসের জেরে পাইপলাইন ফেটে উত্তর হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলে দেখা দেয় তীব্র জল সঙ্কট।

এদিকে, জেলা প্রশাসনের পক্ষ থেকে আরু পাড়ায় বিকল্প আবর্জনা ফেলার জায়গা ঠিক করে দেওয়া হলেও, শিবপুর বিধানসভা কেন্দ্র এলাকার অসন্তুষ্ট বাসিন্দারা আজ সকালে সেখানে বিক্ষোভ দেখান। তাঁদের দাবী, সামনেই হিন্দি বিশ্ব বিদ্যালয় ও কলকাতা পুলিশ অ্যাকাডেমি। কাজেই সেখানে আবর্জনা ফেলা হলে অস্বাস্থ্যকর পরিবেশ তৈরী

হবে। তাই তারা অন্য কোনো জায়গা বিকল্প হিসেবে বেছে নেওয়ার দাবী জানান। তাঁদের প্রতিরোধের জেরে পুরনিগমের জঞ্জালবাহী গাড়ি ফিরে যেতে বাধ্য হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কালীঘাট হকার্স মার্কেটে ১৭৫ জন ব্যবসায়ীর হাতে আজ দোকানের চাবি তুলে দেওয়া হয়েছে। কালীঘাট স্কাইওয়াক তৈরির কাজের জন্য ওই চত্বরটি হকারমুক্ত করা হয়। সেখানকার ব্যবসায়ীরা এতোদিন হাজরা পার্কে ব্যবসা করছিলেন। ১৮ মাসের মধ্যে পুনর্বাসন দেওয়ার কথা থাকলেও কাজটি সম্পূর্ণ হতে সময় লেগেছে ৪ বছর। এদিন ব্যবসায়ীদের হাতে চাবি তুলে দেন পুরসভার মেয়র পারিষদ তথা রাসবিহারীর বিধায়ক দেবাশিষ কুমার।

উল্লেখ্য, ২০১৮ সালের নভেম্বরে কালীঘাটে স্কাইওয়াক তৈরির কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। সেজন্য ১২৫ কোটি টাকা বরাদ্দ হয়। তবে, এখন শেষ মুহূর্তের কাজ চলছে। আগামী ১৪-ই এপ্রিল সেটির উদ্বোধন হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার কেওড়াতলা শ্মশানের উল্টোদিকে আজ সকালে একটি দোকানে আগুন লাগে। দমকলের দুটি গাড়ি দেড় ঘন্টার চেষ্টায় আগুন আয়ত্তে আনে। অগ্নিকান্ডে আহত একজন। তাঁকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার বেলঘাটায় সেলস্ ট্যাক্স অফিসের কাছে আজ বিকেলে রাস্তার ধারে কয়েকটি দোকানে বিধ্বংসী আগুন লাগে। মুহূর্তের মধ্যে তা ছড়িয়ে পড়ে আশেপাশের বস্তিতে। দমকলের ১৪-টি ইঞ্জিন ঘটনাস্থলে আগুন নেভানোর কাজ করছে। বিপদ এড়াতে শিয়ালদামুখী রাস্তায় বন্ধ করে দেওয়া হয় যান চলাচল। গোটা এলাকাটি ঘিরে রেখেছে পুলিশ। সন্কে ৬-টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে এসেছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নবম রাজ্য ক্রীড়া প্রতিযোগিতা আগামীকাল কলকাতায় শুরু হবে। বিভিন্ন জেলার প্রায় ৭ হাজার প্রতিযোগী ৩৬-টি ক্রীড়ায় অংশ নেবেন। কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এক সাংবাদিক বৈঠকে প্রতিযোগিতার চেয়ারম্যান স্বরূপ বিশ্বাস জানিয়েছেন, কলকাতায় জিমন্যাস্টিকস্, গল্ফ, রাইফেল শ্যুটিং, বোলিং সহ মোট ৬-টি খেলা অনুষ্ঠিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০

গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে আজ কলকাতা নাইট রাইডার্স আই পি এল-এর ম্যাচে রাজস্থান রয়্যালস-এর মুখোমুখি হয়েছে। টসে জিতে নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসকে ব্যাট করতে পাঠিয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, রাজস্থান পাঁচ ওভারে এক উইকেটে ৪১ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০